রেজিস্ট্রারের কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১২১৭৭৪৩১, ০১৮৭৬-০০৪৪৭৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭

web:https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd

স্মারক নং- বিইউ/রেজি/নোটিস/ভলি-২/১৪০/২০২০/১৮৪৬

তারিখ: ০৮ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ / ২২ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪১; তারিখ: ২১/০১/২০২২ এর নির্দেশনা অনুযায়ী এবং ২২/০১/২০২২ তারিখের একাডেমিক কাউন্সিলের ৩৮ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বরিশাল বিশ্ববিদ্যালয়ের দাপ্তরিক ও একাডেমিক বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ নির্দেশনাসমূহ প্রদান করা যাচ্ছে।

১। সশরীরে গ্রহণের সকল ক্লাসকার্যক্রম আগামী ৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে এবং উক্ত তারিখ পর্যন্ত ক্লাসসমূহ অনলাইনে অনুষ্ঠিত হবে।

২। চলমান সকল সেমিস্টার/বর্ষভিত্তিক চূড়ান্ত পরীক্ষা প্রদত্ত রুটিন অনুযায়ী সশরীরে অনুষ্ঠিত হবে।

৩। মিডটার্ম পরীক্ষাসহ অন্যান্য অভ্যন্তরীণ মূল্যায়নের পরীক্ষাসমূহ ৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত অনলাইনে অনুষ্ঠিত হবে এবং উক্ত তারিখের পর থেকে এই পরীক্ষাসমূহ অনলাইনে বা সশরীরে গ্রহণের সিদ্ধান্ত বিভাগের উপর ন্যস্ত থাকবে।

৪। ল্যাব-ক্লাস ও ল্যাব-পরীক্ষা সর্বোচ্চ ১০ জনের গ্রুপ করে সশরীরে পরিচালনা করা যাবে।

৫। শিক্ষার্থী পরিবহণের বাসগুলো শুধু পরীক্ষার্থীদের জন্য চালু থাকবে।

৬। শিক্ষার্থীদের জন্য আবাসিক হলগুলো খোলা থাকবে এবং হলের আবাসিক শিক্ষার্থীরা স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক হলে অবস্থান করতে পারবে।

৭। দাপ্তরিক ও প্রশাসনিক অন্যান্য কার্যক্রম যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক চালু থাকবে।

এ নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

২২/১/২০২২

(অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল বিশ্ববিদ্যালয়

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
৩। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
৪। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধসহ)।
৫। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৬। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। নোটিস বোর্ডসমূহ।
৮। সংশ্লিষ্ট নথি/মহানথি।